



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৪র্থ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০১৭
উদ্বোধনী অনুষ্ঠিত



০৯ নভেম্বর-২০১৭, বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের উদ্যোগে 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৪র্থ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০১৭' -এর উদ্বোধনী অনুষ্ঠান ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। জাতীয় সংগীত পরিবেশনের সাথে সাথে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা হয়।

ক্রীড়া উপ-কমিটি (ফুটবল)-এর আহ্বায়ক ড. মোহাম্মদ আব্দুল বাকীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও বিশেষ অতিথি হিসেবে ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ আলী নূর বক্তব্য প্রদান করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, ক্রীড়া উপ-কমিটির আহ্বায়কবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ ধুপখোলায় ১৪ দিনব্যাপী এই ৪র্থ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতায় ৩৬ বিভাগ ও ১টি ইনস্টিটিউট-এর ৩৭টি দল নক-আউট পদ্ধতিতে অংশগ্রহণ করবে। আগামী ২৯ নভেম্বর প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান হবে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।